# ঢাবির তানভীর বারী হামিমকে ছাত্রদল থেকে সাময়িক অব্যাহতি



তানভীর বারী হামিম। ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার কবি জসীম উদ্দীন হল ছাত্রদলের আহ্বায়ক শেখ তানভীর বারী হামিমকে সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের কারণে সাময়িকভাবে পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

বুধবার (৪ মার্চ) কেন্দ্রীয় দফতর সম্পাদক মো. জাহাঙ্গীর আলমের স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সিদ্ধান্ত অনুযায়ী, হামিমের বিরুদ্ধে ওঠা অভিযোগের কারণে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

এর পাশাপাশি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ এফ রহমান হল ছাত্রদলের সদস্যসচিব মো. মাহদীজ্জামান জ্যোতিকেও সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের কারণে সাময়িক অব্যাহতি দেওয়া হয়েছে।

এই সিদ্ধান্ত অনুমোদন করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব এবং সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির

LENS ASIA